



রাজস্বের প্রবৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০।
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

টেকসই সমৃদ্ধি

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/

তারিখ: / / ২০২১ খ্রিঃ।

বিষয়: মূসক অব্যাহতি সংশোধনী আদেশ প্রসঙ্গে।

সূত্র: ১। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ২৯/০৬/২০২১ খ্রি: তারিখের আবেদন।

২। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০৪.০১৩.২০.৭৫৪৩ তারিখ: ০৫/১১/২০২০ খ্রি: তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। সারাজ ফাইবার টেক লিঃ, মেদুয়ারী, ভালুকা, ময়মনসিংহ (মূসক নিবন্ধন নম্বর-০০০৯০৮৩৬৮-০১০৪) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এ দপ্তরের পত্র নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/২২৭৬ (০৮), তারিখ: ২২/০৬/২০২১ খ্রি: এর মাধ্যমে ইস্যুকৃত অব্যাহতি আদেশের অনুচ্ছেদ-০৪ (ঙ) এর জুন/২০২১ এর পরিবর্তে মার্চ/২০২০ থেকে কার্যকর চেয়ে সংশোধনী অব্যাহতি আদেশ ইস্যু করার জন্য সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে এ দপ্তরে আবেদন করেন।

৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত আবেদনে উল্লেখ করেন যে, মার্চ, ২০২০ খ্রিঃ সময়ে ভারী বর্ষণ ও বজ্রপাতের কারণে পূর্বের REB মিটার নং-১৬৭৯২০২৭ পুড়ে যাওয়ায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ২০/০৩/২০২০ খ্রিঃ তারিখে REB কে অনুরোধ করায় নতুন মিটার নং- ১৭৩৯৯৭৮০ স্থাপন করেন। পরবর্তীতে REB কর্তৃক প্রতিষ্ঠানকে ০৫/১১/২০২০ খ্রি: তারিখে পরিবর্তিত মিটার নং- ১৭৩৯৯৭৮০ এর বিপরীতে মূসক অব্যাহতির অনুমোদন প্রয়োজন মর্মে অবহিত করেন।

৪। তৎপ্রেক্ষিতে এ দপ্তরের পত্র নথি নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/৩২৫৭ (০৫), তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি: এর মাধ্যমে একটি যাচাই-বাছাই কমিটি গঠন করা হয়। উক্ত গঠিত কমিটি দাখিলকৃত সকল দলিলাদি যাচাই-বাছাই এবং সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত প্রদান করেন যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদন মোতাবেক প্রতিষ্ঠানে ব্যবহৃত বিদ্যুৎ সংযোগ মিটার নং-১৭৩৯৯৭৮০; গ্রাহক সংকেত নং-০২-৩০০-৮৩৫০ এর বিপরীতে মূসক অব্যাহতি প্রদানযোগ্য।

৫। এমতাবস্থায়, এ দপ্তরের পত্র নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/২২৭৬ (০৮), তারিখ: ২২/০৬/২০২১ খ্রি: এর মাধ্যমে ইস্যুকৃত অব্যাহতি আদেশের অনুচ্ছেদ-০৪ (ঙ) এর জুন/২০২১ এর পরিবর্তে মার্চ/২০২০ কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-

ফারজানা আফরোজ

কমিশনার

ফোন: ০২-৪৮৯৫৮১১৫

ই-মেইল: commdkn@gmail.com


নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/ ০৮-২৭(৮)

তারিখ: ২২/০৬/২০২১ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
- ২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ময়মনসিংহ বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।

- ৩। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যাঁপন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
- ৫। জেনারেল ম্যানেজার/ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, ময়মনসিংহ।
- ৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।
- ৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, ময়মনসিংহ সার্কেল-০১। তাকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, সারাজ ফাইবার টেক লিঃ, মেদুয়ারী, ভালুকা, ময়মনসিংহ (মূসক নিবন্ধন নম্বর-০০০৯০৮৩৬৮-০১০৪)।


21/12/21

ড. মোহাম্মদ তাজুল ইসলাম
অতিরিক্ত কমিশনার